



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যক্তিগত প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫২

০১ ডিসেম্বর ২০২৪
তারিখ: -----
১৬ অগ্রহায়ণ ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ক্রেডিট কার্ডের সুদ/মুনাফা হার যৌক্তিকীকরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৭ তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে ক্রেডিট কার্ড সীমার বিপরীতে ঋণ সুবিধা প্রদানসহ সুদহার যৌক্তিকীকরণ এবং গ্রাহক স্বার্থ সংরক্ষণকল্পে ক্রেডিট কার্ডের উপর সুদহার সর্বোচ্চ ২০% নির্ধারণের নির্দেশনা প্রদান করা হয়।
- ৩। এক্ষণে সুষ্ঠু ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা নিশ্চিতকরণ এবং নীতি সুদহার ও ব্যাংকসমূহের ক্রমবর্ধমান তহবিল ব্যয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ রাখার লক্ষ্যে ক্রেডিট কার্ডের উপর সুদহার সর্বোচ্চ ২৫ শতাংশ নির্ধারণ করা হলো। ব্যাংকসমূহ ঋণের চাহিদা ও ঋণযোগ্য তহবিলের যোগান সাপেক্ষে এ সীমার মধ্যে ক্রেডিট কার্ডের সুদহার নির্ধারণ করবে।
- ৪। এতদ্ব্যতীত বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৭/২০২০ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ৫। ইসলামী শরীয়াহভিত্তিক ব্যাংকসমূহ তাদের প্রদত্ত বিনিয়োগের ক্ষেত্রে উল্লিখিত নির্দেশনা অনুসরণকরত মুনাফার হার নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- ৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯(২)(চ) ও ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
- ৭। এ নির্দেশনা ০১ জানুয়ারি ২০২৫ তারিখ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২